‘বিএনপি-জামায়াত সরকার দুর্নীতিকে প্রাতিষ্ঠানিক রূপ দিয়েছে’- হানিফ

আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক মাহবুবউল আলম হানিফ এমপি বলেছেন, অতীতে বিএনপি-জামায়াত সরকার দুর্নীতিকে রাষ্ট্রীয়ভাবে লালন পালন করে প্রাতিষ্ঠানিক রূপ দিয়েছে। সেই দুর্নীতির মূল এখন উৎপাটন হচ্ছে। অতএব সরকারের দুর্নীতি বিরোধী অভিযানের সমালোচনা করা মানে দুর্নীতিবাজদের পক্ষ নেয়া।

বুধবার (২৩ সেপ্টেম্বর) সকালে সদর উপজেলা পরিষদ ও উপজেলা প্রশাসনের আয়োজনে বিভিন্ন দপ্তরের উন্নয়নমূলক কাজের উদ্ধোধন অনুষ্ঠানে যোগ দেয়ার আগে সাংবাদিকদের প্রশ্নের জবাবে হানিফ এসব কথা বলেন।

আওয়ামী লীগের এই যুগ্ম সাধারণ সম্পাদক বলেন, সারাদেশে উন্নয়নের জোয়ার চলছে। অথচ বিএনপি নেতারা কোন উন্নয়ন দেখে না। কারণ তারা কখনো দেশের উন্নয়ন করেনি। তাদের সেই ব্যর্থতা ঢাকতে বিএনপি নেতারা সরকারের বিরুদ্ধে বিষেদাগার করছে।

তিনি আরো বলেন, বিএনপি একটি জনবিচ্ছিন্ন দল। এই দলের কথা বলার কিছু নেই। সরকারের বিরুদ্ধে মিথ্যাচার করে তারা জনগনের দৃষ্টি আকর্ষণ করার চেষ্টা করছে।

এ সময় কুষ্টিয়া-৪ (কুমারখালী-খোকসা) আসনের সাংসদ সেলিম আলতাফ জর্জ, জেলা আওয়ামী লীগের সভাপতি সদর উদ্দিন খান, জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক আজগর আলী, শহর আওয়ামী লীগের সভাপতি তাইজাল আলী খানসহ আওয়ামী লীগ ও সহযোগী সংগঠনের নেতা-কর্মীরা উপস্থিত ছিলেন।

শেখ হাসিনা মানবতা দেখিয়ে খালেদা জিয়াকে মুক্তি দিয়েছিল-কুষ্টিয়ায় এমপি হানিফ

আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক মাহবুবউল আলম হানিফ এমপি বলেছেন, বঙ্গবন্ধু কন্যা শেখ হাসিনা যে মানবতা দেখিয়ে বেগম খালেদা জিয়াকে নির্বাহী আদেশে মুক্তি দিয়েছিল তার জন্য বিএনপির কৃতজ্ঞতা প্রকাশ করা উচিত ছিল। কিন্তু সেটা না করে উল্টো সরকারের বিরুদ্ধে বিএনপি নেতাদের বিষেদাগার, নোংড়া রাজনীতির বহিঃ প্রকাশ।

মঙ্গলবার(২২ সেপ্টেম্বর) দুপুরে কুষ্টিয়া ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতালে ব্যবস্থাপনা কমিটির সভায় যোগ দেয়ার আগে সাংবাদিকদের প্রশ্নের জবাবে হানিফ এসব কথা বলেন।

“বিএনপির শীর্ষ পর্যায়ের নেতারা বেগম খালেদা জিয়ার স্বাস্থ্য ও চিকিৎসা নিয়ে নোংরা রাজনীতি করছেন” মন্তব্য করে আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক মাহবুবউল আলম হানিফ এমপি বলেছেন, বেগম খালেদা জিয়া আইনী প্রক্রিয়ায় মুক্ত হয়নি, শেখ হাসিনার মানবিকতার কারণে তিনি মুক্তি পেয়েছেন। এরপরেও কোন লজ্জায় বিএনপি নেতারা সরকারকে দোষারোপ করে তা বোধগম্য নয়।

এ সময় কুষ্টিয়ার জেলা প্রশাসক মো. আসলাম হোসেন, জেলা আওয়ামী লীগের সভাপতি সদর উদ্দিন খান, সাধারণ সম্পাদক আজগর আলীসহ আওয়ামীলীগ ও অঙ্গ সংগঠনের নেতা কর্মীরা উপস্থিত ছিলেন।

কুষ্টিয়ায় চাচাকে হত্যার দায়ে ভাতিজার যাবজ্জীবন

কুষ্টিয়া সদর উপজেলার ঢাকা-ঝালুপাড়া চা দোকানী মিঠুন হোসেন

হত্যা মামলায় ভাতিজার যাবজ্জীবন কারাদন্ড ও অপর দুই আসামীর ১০ বছরের কারাদন্ডদেশ দিয়েছেন আদালত।

মঙ্গলবার দুপুরে কুষ্টিয়া জেলা ও দায়রা জজ অরূপ কুমার গোস্বামী আসামীদের উপস্থিতিতে এ রায় ঘোষনা করেন।

যাবজ্জীবন প্রাপ্ত আসামী হলেন- কুষ্টিয়ার সদর উপজেলার ঢাকা ঝালুপাড়া এলাকার মৃত মওলা মন্ডলের ছেলে মোঃ শিমুল হোসেন (৩০)।

১০ বছরের সাজাপ্রাপ্ত আসামীরা হলেন- যাবজ্জীবন প্রাপ্ত আসামী শিমুল হোসেনের স্ত্রী সাথী বেগম(২৬), একই এলাকার খয়বার আলী প্রামানিকের ছেলে সবুজ হোসেন (২৪)।

এ মামলা থেকে আদালত মামলায় অভিযুক্ত লিটন হোসেন, মনিরুল ইসলাম ও খয়বার আলী প্রামানিককে বেকসুর খালাস দেন।

কুষ্টিয়ায় নারীসহ ৩ মাদক ব্যবসায়ী আটক

কুষ্টিয়ায় আমদানী নিষিদ্ধ ভারতীয় ফেনসিডিলসহ ৩ মাদক ব্যবসায়ীকে আটক করেছে র্যাব-১২।

সোমবার বিকেলে ভেড়ামারা বাসস্ট্যান্ড এলাকায় গোপন সংবাদের ভিত্তিতে র্যাব-১২, সিপিসি-১, কুষ্টিয়া ক্যাম্পের একটি আভিযানিক দল এ অভিযান পরিচালনা করে।

এসময় পাবনা সদর উপজেলার তিনগাছা রাজাপুর গ্রামের মৃত রহিম সরকার এর ছেলে মোঃ জিয়া সরকার (৩৫), মোঃ জিয়া সরকারের স্ত্রী মোছাঃ রোজিনা খাতুন (৩২) ও সালগাড়িয়া গ্রামের মৃত-নুর আলম এর ছেলে মোঃ রেজাউল (৪৫) কে আটক করে।

এসময় তাদের কাছে থাকা কয়েকটি ব্যাগ থেকে ৬৭ বোতল ফেনসিডিল উদ্ধার করা হয়। আটককৃতদের বিরুদ্ধে ভেড়ামারা থানায় একটি মাদক মামলা দায়ের করা হয়েছে।

কুষ্টিয়ায় ১৩ ঘণ্টার ব্যবধানে মা-মেয়ে-বাবার মৃত্যু

কুষ্টিয়ার মিরপুর উপজেলায় ১৩ ঘণ্টার ব্যবধানে মা, বাবা ও মেয়ের মৃত্যু হয়েছে। পরপর তিনজনের মৃত্যুতে তাদের পরিবার, আত্মীয়-স্বজন ও এলাকায় শোকের ছায়া নেমে এসেছে।
মৃত তিনজন হলেন মিরপুরের ধুবাইল ইউনিয়নের গোবিন্দগুনিয়া গ্রামের লালন মল্লিক (৭০), তাঁর স্ত্রী আনজেরা খাতুন (৬৫) এবং তাঁদের মেয়ে ও মক্কেল আলীর স্ত্রী আঙ্গুরী খাতুন (৪০)। এরই মধ্যে তিনজনের মরদেহ দাফন সম্পন্ন হয়েছে।
স্থানীয়রা জানায়, অসুস্থজনিত কারণে গতকাল শুক্রবার রাত পৌনে ১১টার দিকে বাড়িতে মারা যান লালন মল্লিকের স্ত্রী আনজেরা খাতুন। আজ শনিবার সকাল ৯টার দিকে জানাজা শেষে তাঁকে গোবিন্দগুনিয়া কবরস্থানে দাফন করা হয়। এ দিকে মায়ের মরদেহ দেখে কান্নায় ভেঙে পড়েন মেয়ে আঙ্গুরী খাতুন। নিজ বাড়িতে গিয়ে একপর্যায়ে তিনি অসুস্থ হয়ে পড়েন। পরে হাসপাতালে নেওয়ার পথে বেলা ১১টার দিকে মারা যান আঙ্গুরী খাতুন।
এদিকে বড় মেয়ে মিরপুর পৌরসভার নওয়াপাড়া এলাকায় স্বামীর বাড়িতে মারা গেছেন- এ খবর শুনে বেলা সাড়ে ১১টার দিকে নিজ বাড়িতে মারা যান লালন মল্লিক। এরপর দুপুর ২টার দিকে মিরপুর পৌরসভার নওয়াপাড়া কবরস্থানে আঙ্গুরী খাতুনকে দাফন করা হয়। বিকেল ৫টার দিকে গোবিন্দগুনিয়া কবরস্থানে দাফন করা লালন মল্লিককে।
ধুবাইল ইউনিয়ন পরিষদের (ইউপি) সদস্য সাইফুল ইসলাম বলেন, ‘এটা খুবই মর্মান্তিক একটা ঘটনা। দীর্ঘদিন ধরে হার্টের অসুখে ভুগছিলেন আনজেরা খাতুন। শুক্রবার রাতে মারা যান তিনি। সকাল ৯টায় আমরা তাঁকে দাফন করি। বেলা ১১টায় জানতে পারি, তাঁর মেয়ে আঙ্গুরী খাতুন মারা গেছেন। এর কিছুক্ষণ পর জানতে পারি যে স্ত্রী ও মেয়ের শোকে নিজ বাড়িতে মারা গেছেন লালন মল্লিক।’

কুষ্টিয়া জেলা ছাত্রলীগের কমিটি বিলুপ্ত ঘোষণা

কুষ্টিয়া জেলা ছাত্রলীগের কমিটি বিলুপ্ত ঘোষণা করা হয়েছে। কেন্দ্রীয় ছাত্রলীগের সভাপতি আল নাহিয়ান খান জয় ও সাধারণ সম্পাদক লেখক ভট্টাচার্য সাক্ষরিত এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়।

বুধবার দুপুরে সংবাদ বিজ্ঞপ্তিতে জানানো হয় কমিটি মেয়াদোত্তীর্ণ হওয়ায় কমিটি বিলুপ্ত ঘোষণা করা হয়েছে।

মেহেরপুর-কুষ্টিয়া সড়কে সংস্কার কাজ বন্ধ

মেহেরপুর-কুষ্টিয়া মহাসড়কের ৯৪০ মিটার রাস্তার সংস্কার কাজ বন্ধ হয়ে যাওয়ায় জনদুর্ভোগ বেড়েছে। ফলে প্রতিনিয়ত ঘটছে দুর্ঘটনা।

রাস্তার পাশে ভুগর্ভস্থ টিঅ্যান্ডটি তার না সরানোর কারণে রাস্তাটির সংস্কার কাজ শুরু হলেও সেটি বন্ধ রাখা হয়েছে।

সড়ক ও জনপথ বিভাগের সঙ্গে বিটিসিএলের সমন্বয়হীনতার কারণে কাজটি শুরু হচ্ছে না বলে স্বীকার করেছে সড়ক ও জনপথ বিভাগ।

মেহেরপুর জেলা সড়ক ও জনপথ বিভাগ সূত্রে জানা গেছে, মেহেরপুরের গাংনী-কুষ্টিয়া সড়কটির পূর্ণাঙ্গ ভাবে কাজ হয়েছিল বছর দশেক আগে। তারপর আর কাজ হয়নি। সড়কের গাংনী মহিলা কলেজ মোড় ও সাবেক সংসদ সদস্যর বাসার সামনেসহ অধিকাংশ স্থানে গর্তের সৃষ্টি হয়েছে। তাছাড়াও সড়কটির চোখতোলা মাঠের ৯৪০ মিটার একবারেই চলাচলের অযোগ্য হয়ে পড়েছে। প্রতি বছরই ওই স্থানে কোন রকম চলাচলের জন্য

ব্যয় করা হয় কয়েক লাখ টাকা।

সড়কটি স্থায়ী ভাবে সংস্কারকরণের লক্ষ্যে পুনরায় টেন্ডার করা হয়। কাজ পায় জহিরুল লিমিটেড। মোট ৯ কোটি ৫২ লাখ টাকা ব্যয়ে সংস্কার কাজটির কার্যাদেশ পান চলতি বছরের ১৬ জানুয়ারী। এ সময় কাজটি শুরু করা হলে ভুগর্ভস্থ টিঅ্যান্ডটি তারের ক্ষতির সম্ভাবনার কারণে কাজটি বন্ধ রাখা হয়। বিষয়টি মেহেরপুর জেলা বিটিসিএলকে জানানো হয়। কিন্তু সংশ্লিষ্ট বিভাগ আজও তার সরিয়ে না নেয়ায় কাজটি আর শুরু করা সম্ভব হয়নি। বার বার চিঠি দেয়া হলেও কোন সদুত্তর মেলেনি।

তবে মেহেরপুর বিটিসিএল বলছে অন্য কথা। তাদের ভাষ্য, সড়ক ও জনপথ বিভাগের চিঠি বিভাগীয় কার্যালয়ে প্রেরণ করা হয়েছে। তাছাড়া সড়ক ও জনপথ ক্ষতিপূরণ না দিলে ভুগর্ভস্থ তার সরানো সম্ভব নয়। অনেক খরচের বিষয় থাকায় জেলা কার্যালয়ের সম্ভব হচ্ছে না তার সরানো। ফলে কোন ব্যবস্থা নেয়া সম্ভব হয়নি।

স্থানীয়রা জানান, গাংনীর চোখতোলা নামক স্থানের সড়কটির সমস্যা অন্তত ৫০ বছর ধরে। প্রতি সপ্তাহে সড়ক ও জনপথের লোকজন রাস্তার দেবে যাওয়া অংশে ইট দিয়ে ভর্তি করে যান চলাচলের যোগ্য করে তোলার চেষ্টা করে। প্রতিদিনই ভাঙ্গা রাস্তায় কোন না কোন যানবাহন নষ্ট হচ্ছে। সমস্যায় পড়ছে স্থানীয়সহ দূরপাল্লার যানবাহন। এছাড়াও মেহেরপুর থেকে কুষ্টিয়ার খলিশাকুন্ডি নামক স্থান পর্যন্ত সারা বছরই ছোট ছোট গর্তে পাথর দিয়ে তার ওপর বিটুমিন ছিটিয়ে চলছে পুটিংয়ের কাজ।

আন্তঃজেলা চলাচলকারী এইচআর পরিবহনের চালক সবুজ হোসেন বলেন, মেহেরপুর-কুষ্টিয়া সড়কসহ সব সড়কেই বাধা ধরা সময়ে গন্তব্যে পৌঁছাতে হয়। চোখতোলা মাঠের এই রাস্তার এ অংশ পার হতেই ৫ মিনিট চলে যায়। যথা সময়ে পৌঁছতে না পারলে মোটা অংকের টাকা জরিমানা গুনতে হয়। বিশেষ করে চোখতোলার সড়কের গর্তে পড়ে মাঝে মাঝে গাড়ি বিকল হয়ে যায়।

একই কথা জানালেন এমএম পবিহনের চালক আঙ্গুর আলী।

জোড়পুকুর গ্রামের ব্যবসায়ী আব্দুর রশিদ বলেন, জোড়পুকুর ও চোখতোলা মাঠের মাঝের এই জায়গাটা কোন দিনও ঠিক হয়না। প্রায় ৮ বছর আগে যখন রাস্তাটা নতুন করে তৈরি করা হয় তারপর মাসখানেক ভালো ছিলো। তারপর আবার আগের অবস্থা। সড়কের এ সমস্যাটা যদি দূর করা

যেত তাহলে এ অঞ্চলের মানুষ একটু স্বস্তির নিশ্বাস ফেলতে পারতো।

মেহেরপুর সড়ক ও জনপথ বিভাগের নির্বাহী প্রকৌশলী নজরুল ইসলাম বলেন, আমরা এই রাস্তা সংস্কারের জন্য বছরের প্রথম দিকেই কার্যাদেশ দিয়েছিলাম। ঠিকাদারও যথা সময়ে কাজ শুরু করেছিলো। কিন্তু রাস্তার পাশেই ভুগর্ভস্থ টিঅ্যান্ডটি তার থাকায় কাজ বন্ধ করে দেয় বিটিসিএল। টিঅ্যান্ডটির তার সরানোর জন্য সংশ্লিষ্ট দপ্তরে দু’বার চিঠি দেয়া হলেও কোন সাড়া মেলেনি। ঠিকাদারের সঙ্গে কথা হয়েছে। কিছু দিনের মধ্যেই বিশেষ ব্যবস্থায় আবার কাজ শুরু করা হবে।

বিটিসিএলের মেহেরপুরের সহকারী প্রকৌশলী জিল্লুর রহমান বলেন, আমরা চিঠি পেয়েছি। ঊর্ধ্বতন কর্মকর্তাদের তা জানিয়েছি। সড়ক ও জনপথ বিভাগ আমদের ক্ষতিপূরণ না দেয়ায় তার সরানো সম্ভব হচ্ছে না। তবে আমি আবারও বিভাগীয় কর্মকর্তাদের সঙ্গে আলোচনা করে দেখবো কিভাবে তার সরানোর ব্যবস্থা করা যায়।

জেলা প্রশাসক ড. মোহাম্মদ মুনসুর আলম বলেন, রাস্তাটি সংস্কারে সংশ্লিষ্ট দপ্তরের কর্মকর্তাদের সঙ্গে কথা বলে বিষয়টি নিরসনের ব্যবস্থা করবো।

কুষ্টিয়ায় এনআইডি জালিয়াতি করে জমি বিক্রির অন্যতম হোতা মহিবুল গ্রেফতার

কুষ্টিয়ায় জাতীয় পরিচয়পত্র (এনআইডি) জালিয়াতি করে জমি বিক্রির অন্যতম হোতা মহিবুল ইসলামকে গ্রেফতার করেছে পুলিশ।

গতকাল রবিবার বিকেল ৪টার দিকে শহরের নবাব সিরাজদ্দৌলা সড়কের একটি দোকানের সামনে তাকে গ্রেফতার করা হয়।

মহিবুল ইসলাম পেশায় হার্ডওয়্যার ব্যবসায়ী। তিনি কুষ্টিয়া শহরের বড়বাজার এলাকার হাজী মোহাম্মদ আলীর ছেলে।

জানা গেছে, সম্প্রতি এনআইডি জালিয়াতির মাধ্যমে মালিক সেজে প্রায় শত কোটির জমি বিক্রি করে দেওয়ার ষড়যন্ত্র করে একটি চক্র।

এর মধ্যে প্রায় ৩ কোটি টাকার সম্পত্তি বিক্রিও হয়ে গেছে। এ নিয়ে কয়েকটি সংবাদমাধ্যমে খবর প্রকাশ হলে বিষয়টি আলোচনায় আসে।

পরে এসব সম্পদের প্রকৃত মালিক শহরের নবাব সিরাজদ্দৌলা সড়কের বাসিন্দা এমএম ওয়াদুদ কুষ্টিয়ার মডেল থানায় ১৮ জনের বিরুদ্ধে মামলা করেন।
গ্রেফতার হওয়া মহিবুল এই চক্রের অন্যতম হোতা।

কুষ্টিয়ার পুলিশ সুপার এসএম তানভীর আরাফাত বিষয়টি নিশ্চিত করেছেন।

এর আগে, জমি ক্রয়-বিক্রয়ের সাথে জড়িত ও জাতীয় পরিচয়পত্র জালিয়াতির ঘটনায় এক যুবলীগ নেতাসহ ছয়জনকে আটক করে।

কুষ্টিয়ায় ভেজাল পণ্য তৈরি কারখানায় দুই প্রতিষ্ঠানে তিন লাখ টাকা জরিমানা

কুষ্টিয়ায় র্যাবের বিশেষ অভিযানে ভেজাল পণ্য তৈরির কারখানায় ভ্রাম্যমাণ আদালতে দুইটি প্রতিষ্ঠানে তিন লাখ টাকা জরিমানা আদায় করা হয়েছে।

গতকাল রবিবার দুপুরে র্যাব -১২ কুষ্টিয়ার সিপিসি-১ এর ভারপ্রাপ্ত কোম্পানী কমান্ডার সিনিয়র এএসপি মোঃ মোস্তাফিজুর রহমান ও জেলা ভোক্তা সংরক্ষণ অধিদপ্তরের সহকারী পরিচালক কাজী রকিবুল হাসানের নেতৃত্বে র্যাবের একটি বিশেষ অভিযানিক দল গোপন সংবাদের ভিত্তিতে কুষ্টিয়া সদর উপজেলার জুগিয়া বাড়াদী এলাকায় অভিযান পরিচালনা করে।

এসময় তারা ভুয়া রেজিষ্ট্রেশন ব্যবহারকারী কারখানা থেকে ভেজাল পন্য, হারপিক, গ্লাস ক্লিনার, টাইলস ক্লিনার, ভিকসল, থিনার, নীল,

ডিটারজেন্ট পাউডার ও সিগারেটসহ আরও অনেক পণ্য জব্দ করা হয়। তারা মিসফলা কনজুমার নামে প্রোডাক্টস দীর্ঘদিন যাবত ভেজাল পণ্য উৎপাদন ও দেশের বিভিন্ন অঞ্চলে বাজারজাত করে আসছিলো।

এছাড়া পাশেই আরেকটি কারখানায় বেঙ্গল টোব্যাকোর মধ্যে অবৈধভাবে তৈরী বেঙ্গল কসমেটিকস নাম ব্যবহার করে ভেজাল পন্য ডিটারজেন্ট পাউডার, তৈরী ও বাজারজাতকরণ করে আসছিলো।

জেলা ভোক্তা সংরক্ষণ অধিদপ্তরের সহকারী পরিচালক কাজী রকিবুল হাসান জানান, মিসফলা কনজুমার নামে প্রোডাক্টস দীর্ঘদিন যাবত ভেজাল পণ্য উৎপাদন ও দেশের বিভিন্ন অঞ্চলে বাজারজাত করার অপরাধে ভোক্তা সংরক্ষণ আইন ২০০৯ এর ৫৩ ধারায় ২ লাখ টাকা এবং জুগিয়া কদমতলা মোড়ে বেঙ্গল টোব্যাকোর মধ্যে বেঙ্গল কসমেটিকস নাম ব্যবহার করে অবৈধ প্রক্রিয়ায় পণ্য উৎপাদন ও বাজারজাতকরণের অপরাধে ভোক্তা সংরক্ষণ আইন ২০০৯ এর ৫৩ ধারায় ১ লাখ টাকা জরিমানা আদায় করা হয়েছে। এবং ভেজাল মালামাল আগুনে পুড়িয়ে ধংস করা হয়েছে।

এ বিষয়ে র্যাব ১২ ‘র সিপিসি-১ এর ভারপ্রাপ্ত কোম্পানী কমান্ডার সিনিয়র এএসপি মোঃ মোস্তাফিজুর রহমান সাংবাদিকদের জানান, ভেজাল পণ্য এবং ভেজাল খাদ্য উৎপাদনকারী যত বড় শক্তিশালীই হোকনা কেনো তাদের আইনের আওতায় আনা হবে।

কুষ্টিয়ায় এনআইডি জালিয়াতি মামলায় তিন আসামি রিমান্ডে

কুষ্টিয়ার আলোচিত এনআইডি জালিয়াতির ঘটনায় দায়েরকৃত মামলায় তিনজনকে তিনদিন করে রিমান্ড মঞ্জুর করেছেন আদালত।

বৃহস্পতিবার (১০ সেপ্টেম্বর) দুপুরে মামলার তদন্তকারী কর্মকর্তা কুষ্টিয়া সদর আমলী আদালতের বিজ্ঞ বিচারকের আদালতে রিমান্ড আবেদন করলে আদালত প্রত্যেককে তিনদিন করে রিমান্ড মঞ্জুর করেন।

আসামিরা হলেন- এনআইডি জালিয়াতির অন্যতম হোতা মিন্টু খন্দকার ও

তার দুই বোন ছানোয়ারা ও জাহানারা।

মামলার তদন্তকারী কর্মকর্তা কুষ্টিয়া মডেল থানার উপ-পরিদর্শক (এসআই) আকিবুল ইসলাম জানান, রিমান্ড মঞ্জুর হওয়া তিন আসামির প্রত্যেককে পাঁচদিন করে রিমান্ড চেয়ে আবেদন করলে আদালত তিনদিন করে রিমান্ড মঞ্জুর করেন।

এর আগে, মামলার অপর আসামি মহিবুল ও মিলন মেম্বর আদালতে স্বীকারোক্তিমুলক জবানবন্দি দেন।

এদিকে, বুধবার (০৯ সেপ্টেম্বর) দুপুরে গ্রেফতার হওয়া এনআইডি জালিয়াতি চক্রের অন্যতম হোতা সদ্য বিলুপ্ত কুষ্টিয়া শহর যুবলীগের আহŸ◌ায়ক আশরাফুজ্জামান সুজনের রিমান্ড চেয়ে আবেদন করা হয়েছে। আগামী রোববার (১৩ সেপ্টেম্বর) রিমান্ড শুনানি হতে পারে বলে জানান মামলার তদন্তকারী কর্মকর্তা।

গত ৩ সেপ্টেম্বর কুষ্টিয়া এনএসরোড এলাকার এমএম ওয়াদুদ নামে এক ব্যক্তির বিপুল অংকের টাকার সম্পত্তি এনআইডি জালিয়াতি করে হাতিয়ে নেওয়ার বিষয়ে পুলিশ প্রতারক চক্রের ১৮ জনসহ প্রতারক চক্রের অজ্ঞাত বেশ কয়েকজনের বিরুদ্ধে মামলা দায়েরপূর্বক ছয় আসামিকে গ্রেফতার করে পুলিশ।